বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● দ্বিতীয় বর্ষ ● ১ম সংখ্যা ● পৌষ-মাঘ ১৪২৭ ● জানুয়ারি ২০২১



২০ জানুয়ারি ২০২১ তারিখে বিগত ৩ বছরে কক্সবাজারের বিভিন্ন এলাকা থেকে আটককৃত প্রায় ৫৩৫ কোটি টাকা মূল্যের মাদকদ্রব্য ধ্বংস করা হয়। কক্সবাজার রিজিয়ন এর মাদকদ্রব্য ধ্বংসকরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



## সূচিপত্র


মাদকদ্রব্য ধ্বংসকরণ

র‌্যাংক ব্যাজ পরিধান

চলতি অর্থ বছরের সংশোধিত বাজেট সভা

চুক্তি স্বাক্ষর

৫ লাখ ২০ হাজার পিস ইয়াবা উদ্ধার

কল্যাণমূলক কর্মকাণ্ড

মৃত্যু প্রতিবেদন

করোনা ভাইরাস

সিজার প্রতিবেদন

পদোন্নতি/অবসর সুবেদার মেজর-জানুয়ারি ২০২১

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

সীমান্ত সম্মেলন

শীতবস্ত্র বিতরণ

অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম




১২ জানুয়ারি ২০২১ তারিখে মহাপরিচালক এর সচিবালয়ে কর্নেল এস এম আজাদ, এসইউপি (লে. কর্নেল হতে কর্নেল পদে পদোন্নতি) কে র‌্যাংক ব্যাজ পরিয়ে দেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২৪ জানুয়ারি ২০২১ তারিখে অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ মন্ত্রণালয় এর সভাপতিত্বে চলতি ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট সভায় সদর দপ্তর বিজিবি হতে Zoom Platform-এ অতিরিক্ত মহাপরিচালক (সদর) এবং বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



৬ জানুয়ারি ২০২১ তারিখে বিজিবি ডিজাস্টার রিকভারি সাইট (যশোরে অবস্থিত) এ ডাটা স্টোরেজের জন্য Finnovation Ltd এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।

## ৫ লাখ ২০ হাজার পিস ইয়াবা উদ্ধার

মিয়ানমার থেকে ইয়াবার বড় চালান আনার সংবাদ পেয়ে ১৬ জানুয়ারি দিবাগত রাত সোয়া তিনটার দিকে টেকনাফ ২ বিজিবি ব্যাটালিয়নের দমদমিয়া বিওপি'র সদস্যরা নাফ নদীতে স্পিডবোট ও কাঠের বোট এবং স্থলভাগে কৌশলে অবস্থান নেন। কিছুক্ষণ পর সীমান্তে বসানো 'নাইট ভিশন ডিভাইসে' দেখা যায়, নদীর মধ্যবর্তী লালদিয়া থেকে একটি কাঠের নৌকা নিয়ে তিন-চারজন পাচারকারী হ্নীলার জাদিমোরা উমরখাল এলাকা দিয়ে বাংলাদেশে ঢোকার চেষ্টা করছে। এ সময় বিজিবি চারদিক থেকে ঘেরাও করে অভিযান চালায়। পাচারকারীরা এলোপাতাড়ি গুলি করলে বিজিবি কৌশলে অবস্থান নিয়ে আত্মরক্ষার্থে পাল্টা গুলি চালায়। তখন নৌকায় থাকা মাদক কারবারিরা নদীতে ঝাঁপ দেয়। নদীতে স্রোত থাকায় কাউকে ধরা সম্ভব হয়নি। পরে পাচারকারীদের ফেলে যাওয়া নৌকায় তল্লাশি চালিয়ে ৫ লাখ ২০ হাজার পিস ইয়াবা ট্যাবলেট, একটি দেশে তৈরি লম্বা বন্দুক, দুটি গুলি ও একটি কিরিচ জব্দ করা হয়। ধারণা করা হচ্ছে, গুলিবিদ্ধ হয়ে পাচারকারীরা নিহত বা নিখোঁজ হয়েছেন। তবে তাৎক্ষণিকভাবে কারও সন্ধান পাওয়া যায়নি।




## কল্যাণমূলক কর্মকাণ্ড-জানুয়ারি ২০২১

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয়। | ৫৬,০৬,৯৪,৭৩৩/- |
| ২। | বিজিবি সাস্থ্য সহায়তা তহবিল হতে ৩ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান। | ৩,৩৬,৪৭৮/- |
| ৩। | বিজিবিতে কর্মরত পোশাকধারী সদস্যদের উচ্চশিক্ষা গ্রহণের ফি প্রদান। | ১১,৮৪,৪৫৩/- |

## মৃত্যু প্রতিবেদন-জানুয়ারি ২০২১

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নং ৭৯৪৮৫ ল্যা. না. কাজী তারিকুল ইসলাম | বিয়ানীবাজার ব্যাটালিয়ন (৫২ বিজিবি) | ০৪-০১-২০২১ | সড়ক দুর্ঘটনা (প্রেষণে র‍্যাব ১৫) |
| ২। | নং ৫৯৩৩৬ হাবিলদার মোঃ জাকির হোসেন | বরকল ব্যাটালিয়ন (৪৫ বিজিবি) | ০৬-০১-২০২১ | হার্ট এ্যাটাক |
| ৩। | নং ৫৮৬০৫ হাবিলদার মোঃ গিয়াস উদ্দিন | টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | ০৮-০১-২০২১ | কোভিড-১৯, ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ |
| ৪। | নং ৬৬৩৫৭ সিগ. মোঃ আজহারুল ইসলাম | ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | ১৭-০১-২০২১ | ব্লাড ক্যান্সার |
| ৫। | জেসিও-৭৪৫৬ না. সুবে. সহ. মোঃ হান্নান মৃধা | সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | ১৯-০১-২০২১ | কোভিড-১৯ |
| ৬। | নং ৬১৪৪৮ ল্যা. না. মোঃ নাসির আলী খান | রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) | ২৬-০১-২০২১ | Insulinoma (Op) With Hypothyroidism With Hypoglycemia |

## করোনা ভাইরাস

৩১ জানুয়ারি ২০২১ পর্যন্ত ৪৫৫ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৪২৬ জন এবং মৃত্যুবরণ করেছে ৯ জন। সুস্থতার হার প্রায় ৯৪%।

## সিজার প্রতিবেদন

জানুয়ারি ২০২১ মাসে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৭০,৮৬,১০,১১৫/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। এ ব্যাপারে মোট ৪১৪২ টি মামলা দায়ের এবং ৩৫৫ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে। এছাড়া ৩৫ জন পুরুষ, ২২ জন নারী ও ৮ জন শিশুকে অবৈধভাবে সীমান্ত অতিক্রমকালে আটক এবং পাচারকালে উদ্ধার করা হয়েছে।

## পদোন্নতি/অবসর সুবেদার মেজর-জানুয়ারি ২০২১



জেসিও-৬৭৬৭ সুবেদার মেজর
মোঃ রফিকুল ইসলাম
তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি)



জেসিও-৬৯৭৯ সুবেদার মেজর
মোঃ ফিরোজ হাওলাদার
রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম



জেসিও-৬৮৭০ সুবেদার মেজর
শেখ ইব্রাহিম, পিবিজিএম
মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি)



জেসিও-৬৮৮৪ সুবেদার মেজর
মোঃ জহিরুল ইসলাম
তিস্তা-১ ব্যাটালিয়ন (৫১ বিজিবি)



জেসিও-৭০৫৩ সুবেদার মেজর
মোঃ রহমত উল্লাহ চৌধুরী
শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি)



জেসিও-৭০৫৯ সুবেদার মেজর
মোঃ মজিবুর রহমান
রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি)



জেসিও-৬৭৪১ সুবেদার মেজর
মোঃ নুর ই আলম
চট্টগ্রাম ব্যাটালিয়ন (৮ বিজিবি)



জেসিও-৭০৯৯ সুবেদার মেজর
মোঃ মহসীন আলী
মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)



জেসিও-৭১১১ সুবেদার মেজর
মোঃ আবু তালেব, বিজিবিএম
রিজিয়ন সদর দপ্তর, যশোর



জেসিও-৭১২৩ সুবেদার মেজর
মোঃ ইসলাম উদ্দিন
ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি)



জেসিও-৭১২৬ সুবেদার মেজর
মোঃ আব্দুর রাজ্জাক বিশ্বাস
বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি)



জেসিও-৭১৪৫ সুবেদার মেজর
মোহাম্মদ হোসেন
চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)



জেসিও-৭১৫০ সুবেদার মেজর
মোঃ মোসলেম উদ্দিন
খেদাছড়া ব্যাটালিয়ন (৪০ বিজিবি)



জেসিও-৭১৬২ সুবেদার মেজর
মোঃ আলতাফ হোসেন
রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি)



জেসিও-৬৮৫২ সুবেদার মেজর
মোঃ শাহ আলম
মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)
অবসর গ্রহণের তারিখ : ০২-০১-২১



জেসিও-৬৮৩৮ সুবেদার মেজর
মোঃ আব্দুল বারী
খেদাছড়া ব্যাটালিয়ন (৪০ বিজিবি)
অবসর গ্রহণের তারিখ : ০২-০১-২১



জেসিও-৬৫৭৩ সুবেদার মেজর
মোঃ মোতালেব মিয়া
বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি)
অবসর গ্রহণের তারিখ : ১০-০১-২১



জেসিও-৬৭৭৩ সুবেদার মেজর
মোঃ এনামুল হক
আলীকদম ব্যাটালিয়ন (৫৭ বিজিবি)
অবসর গ্রহণের তারিখ : ১০-০১-২১

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ-জানুয়ারি ২০২১

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নং ৭৪১০০ ল্যা. না. চা. মোঃ নুর নবী মিয়া রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) সংযুক্ত ঢাকা ব্যাটালিয়ন (২৬ বিজিবি) | কর্মস্থল হতে পলায়ন এবং ৩৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ পুলিশ কর্তৃক ধৃত হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ০৫ (পাঁচ) বছরের সশ্রম কারাদন্ড, শাস্তি প্রদানের তারিখ : ১২-০১-২০২১।** |
| ২। | নং ৭৮৯১১ ল্যান্স নায়েক মোঃ সুমন মিয়া সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) | সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকার ও বিজিবিকে হেয়-প্রতিপন্ন করা, রাষ্ট্রবিরোধী, বিরূপ ও বিতর্কিত বিভিন্ন ধরনের ছবি বিকৃতি করে পোস্ট, ভূয়া কাবিননামা তৈরি এবং তৃতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার বিষয়টি কর্তৃপক্ষের নিকট গোপন রাখার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর , শাস্তি প্রদানের তারিখ : ২০-০১-২০২১।** |
| ৩। | নং ৮৭২৯৪ সিপাহী মোঃ আব্দুল জলিল শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি) | উৎকোচের বিনিময়ে চোরাকারবারিদের নিকট তথ্য পাচার, আটককৃত মাদকদ্রব্য সেবন, মোবাইলে নেশাজাতীয় দ্রব্যাদি সেবনের ছবিসহ বিভিন্ন ধরনের পর্ন ছবি সংরক্ষণ, কোম্পানি কমান্ডারের বিরুদ্ধে বানোয়াট অভিযোগ এবং কর্মস্থল হতে পলায়ন করে ২০ দিন পর যোগদান করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৫-০১-২০২১।** |
| ৪। | নং ৯৫৬২৬ সিপাহী মোঃ হুমায়ুন কবির রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি) | স্ত্রী ও সন্তান থাকা সত্ত্বেও সিপাহী সামিরা খানম এর সাথে পরকীয়া স্থাপন এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর , শাস্তি প্রদানের তারিখ : ২৬-০১-২০২১।** |
| ৫। | নং ১০২৬৮০ সিপাহী সামিরা খানম রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি) | সিপাহী হুমায়ুন কবির এর সাথে অনৈতিকভাবে সম্পর্ক স্থাপন, সিপাহী হুমায়ুন কবির বিবাহিত হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত বিবাহ বন্ধনে আবদ্ধ হয় ও ছুটি হতে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর , শাস্তি প্রদানের তারিখ : ২৬-০১-২০২১** |
| ৬। | নং ৯৩১৮৩ সিপাহী মোঃ আশরাফুল রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) | কর্মস্থল হতে পলায়ন, বাহিনীর নিয়ম শৃঙ্খলা মেনে চাকুরী না করার ইচ্ছা পোষণ, বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত , শাস্তি প্রদানের তারিখ : ২৬-০১-২০২১।** |
| ৭। | নং ৯০৬২২ সিপাহী আল আমিন সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) | ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ৫৬ দিন পর যোগদান করে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৮-০১-২০২১।** |




২৮ জানুয়ারি ২০২১ তারিখে তামাবিল আইসিপির বিপরীতে ভারতের অভ্যন্তরে ডাউকীতে সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এবং ৩০ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।




৬ জানুয়ারি ২০২১ তারিখে খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) এর বি-টিলা বিওপি এলাকায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন রিজিয়ন কমান্ডার, দক্ষিণ-পূর্ব রিজিয়ন, চট্টগ্রাম।



২৭ জানুয়ারি ২০২১ তারিখ কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি) এর দুমদুমিয়াছড়া বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত পিলার পরিদর্শনের চিত্র।




২৩ জানুয়ারি ২০২১ তারিখ মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর রাজাপুর বিওপির টহল দল ২১৪ বোতল ভারতীয় ফেন্সিডিল আটক করে।



রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৫তম ব্যাচ নবীন সৈনিকদের ৬০ মি. মি. মর্টার এর উপর প্রশিক্ষণ প্রদানের দৃশ্য।



৩ জানুয়ারি ২০২১ তারিখ জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) এর সাতানীপাড়া বিওপি এবং ২৮ বিএসএফ ব্যাটালিয়নের বিলডুবা বিএসএফ ক্যাম্পের সাথে সীমান্তে যৌথ টহল পরিচালিত হয়।



৯৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগত রিক্রুটদের পর্যাপ্ত সূর্যালোকে কোয়ারেন্টাইন প্রশিক্ষণ পরিচালনা করা হয়।